



প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র

প্রশিকা ভবন, আই/১-গ, মিরপুর-২, ঢাকা-১২১৬।

নিয়োগ বিজ্ঞপ্তি

তারিখঃ ১৩/০২/২০২৪

প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্রের একটি অন্যতম বৃহৎ প্রশিক্ষণ সেন্টার “প্রশিকা মানবসম্পদ উন্নয়ন কেন্দ্র, কৈট্টা, সাটুরিয়া, মানিকগঞ্জ”-এ দুইজন রিসিপশনিষ্ট নিয়োগ করা হবে। রিসিপশনিষ্ট হিসেবে কাজ করতে আগ্রহী কর্মী নারী ও পুরুষ প্রার্থীদের নিকট থেকে জরুরী ভিত্তিতে নিয়োগের জন্য আবেদনপত্র আহ্বান করা হচ্ছে।

পদের নাম : রিসিপশনিষ্ট।
শিক্ষাগত যোগ্যতা : ন্যূনতম স্নাতক/সমমান পাস (স্নাতক ফলপ্রত্যাশী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই)।
অন্যান্য যোগ্যতা : প্রার্থীকে কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। প্রার্থীকে সদালাপী, স্মার্ট, ইংরেজীতে কথা বলা ও বুঝার সক্ষমতা থাকতে হবে।

বেতন/ভাতা : আলোচনা সাপেক্ষে।
অন্যান্য সুবিধা : প্রার্থীর শিক্ষানবিস কাল হবে ৬ (ছয়) মাস। শিক্ষানবিস কাল সন্তোষজনকভাবে সম্পন্ন করতে পারলে চাকুরি স্থায়ী করা হবে এবং সংস্থার নীতিমালা অনুযায়ী স্থায়ী কর্মীর সকল সুযোগ-সুবিধা যেমন: প্রতিডেন্ট ফান্ড, গ্রাচুইটি ও চিকিৎসা ভাতা প্রদান করা হবে। প্রত্যেক স্থায়ী কর্মীকে প্রতি বছর তাদের প্রধান দুইটি ধর্মীয় উৎসবে ২(দুই)টি উৎসব ভাতা দেয়া হবে। এছাড়াও পহেলা বৈশাখে একটি বৈশাখী উৎসব ভাতা প্রদান করা হবে যা একটি ধর্মীয় উৎসব ভাতার ৫০%। কর্মস্থলে রিসিপশনিষ্ট-এর জন্য সংস্থা থেকে আবাসনের ব্যবস্থা করা হবে।

প্রার্থীর বয়স ও শর্তাবলিঃ আবেদনকারীর বয়স ২৯.০২.২০২৪ তারিখে অনূর্ধ্ব ৩০ বছর তবে অভিজ্ঞতা ও যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। কেবলমাত্র প্রকৃত সনদধারী প্রার্থীদের কাছ থেকে আবেদন আহ্বান করা হচ্ছে। শিক্ষানবিস কাল সন্তোষজনকভাবে সম্পন্ন করতে পারলে সংস্থার নীতিমালা অনুযায়ী চাকুরি স্থায়ী করা হবে এবং স্থায়ী কর্মীর সকল সুযোগ-সুবিধা প্রদান করা হবে। সংস্থার নীতিমালায় বর্ণিত রিসিপশনিষ্ট-এর সকল দায়িত্ব ও কর্তব্য প্রযোজ্য হবে। প্রশিকায় কর্মরত কোনো কর্মী আবেদন করতে পারবে না।

কর্মস্থল : প্রশিকা মানবসম্পদ উন্নয়ন কেন্দ্র, কৈট্টা, সাটুরিয়া, মানিকগঞ্জ।

আবেদন করার নিয়মাবলিঃ

A4 সাইজের সাদা কাগজে আবেদনপত্রের সাথে সংযোজন করতে হবে: (১) A4 সাইজের সাদা কাগজে বাংলায় একটি পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত (মোবাইল নম্বর, ঠিকানা ও শিক্ষাগত যোগ্যতা উল্লেখ থাকতে হবে) (২) সদ্য তোলা ২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (৩) সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদ/সাময়িক সনদ/এনআইডি/জন্মানিবন্ধন/অভিজ্ঞতার সত্যায়িত অনুলিপি (৪) মোবাইল নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে (প্রার্থীর নিয়োগ পরীক্ষাসহ চাকুরি সংক্রান্ত যে কোনো সিদ্ধান্ত প্রার্থীকে মোবাইল ফোনের মাধ্যমে জানানো হবে)। যে সকল প্রার্থীদের মোবাইল ফোন নাই, তারা বিশ্বস্ত কারো মোবাইল নম্বর উল্লেখ করতে পারবেন, এক্ষেত্রে ঐ বিশ্বস্ত ব্যক্তির নাম উল্লেখ থাকতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

আবেদন ফিঃ প্রত্যেক পদের জন্য আবেদন ফি বাবদ অফেরতযোগ্য ৫০০/- (পাঁচশত) টাকা অনলাইনের মাধ্যমে “প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র” অথবা “Proshika Manobik Unnayan Kendra” হিসাবের নামে নিম্নের ছকে উল্লেখিত যেকোনো একটি ব্যাংকের শাখার হিসাব নম্বরে জমা দিতে হবে।

Name of Bank	Branch Name	Account Name	Account Type and No.	
Pubali Bank Ltd.	Darus Salam Road Branch, Dhaka	Proshika Manobik Unnayan Kendra	CA	2990102000066
Dutch Bangla Bank Ltd.	Mirpur Branch, Dhaka	Proshika Manobik Unnayan Kendra	CD	1151100035193

টাকা জমাদান স্লীপের কাস্টমার কপি A4 সাইজের সাদা কাগজে একটি ফটোকপি আবেদনপত্রের সাথে যুক্ত করে দিতে হবে, অন্যথায় আবেদনপত্রটি বাতিল বলে গণ্য হবে। টাকা জমাদানের কাস্টমারের মূল কপিটি প্রার্থীর সাক্ষাৎকার গ্রহণ পর্যন্ত যত্নসহকারে সংরক্ষণ করতে হবে। কোনো অবস্থাতেই খামের ভিতর ‘আবেদন ফি’ বাবদ নগদ অর্থ প্রেরণ গ্রহণযোগ্য হবে না।

আবেদন পাঠানোর শেষ তারিখঃ আবেদনপত্র ২৯.০২.২০২৪ তারিখের মধ্যে পাঠাতে হবে।

আবেদন পাঠানোর ঠিকানাঃ

পরিচালক, মানবসম্পদ বিভাগ, প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র, প্রশিকা ভবন, আই/১-গ, মিরপুর-২, ঢাকা-১২১৬ বরাবর রেজিস্টার্ড ডাকযোগে আবেদন পৌছাতে হবে। খামের উপর স্পষ্টভাবে পদের নাম উল্লেখ করতে হবে। অথবা proshikahrd@gmail.com এই ই-মেইল একাউন্টে কভার লেটারসহ জীবনবৃত্তান্ত ও অন্যান্য প্রয়োজনীয় কাগজ স্ক্যান করে পাঠানো যাবে।

চূড়ান্ত নিয়োগ প্রক্রিয়াঃ

আবেদনপত্র প্রাথমিকভাবে বাছাইয়ের পর তালিকা তৈরি করে প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। প্রত্যেক প্রার্থীকে নিয়োগ পরীক্ষার স্থান ও তারিখ জানিয়ে তাদের জীবনবৃত্তান্তে উল্লেখিত মোবাইল নম্বরে SMS পাঠানো হবে এবং প্রশিকার <http://www.proshikabd.com> ওয়েবসাইটে প্রার্থীদের নিয়োগ পরীক্ষার রোল নম্বর দেয়া হবে। পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের নিয়োগের জন্য একটি প্যানেল তৈরি করা হবে। প্যানেলের প্রথম থেকে দুইজনকে (নারী ও পুরুষ) যথার্থ নিয়মে নিয়োগ দেওয়া হবে। নিয়োগের জন্য মনোনীত প্রার্থীদের মানবসম্পদ বিভাগে চাকুরিতে যোগদানের রিপোর্টিং-এর সময় সকল শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদপত্র (মার্কশীট বা প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়) দেখাতে হবে। সংস্থার নির্ধারিত ভেন্যুতে সংস্থা কর্তৃক থাকা ও খাওয়ার ব্যবস্থায় নিয়োগের জন্য মনোনীত প্রার্থীদের ৩(তিন) দিনের একটি ওরিয়েন্টেশন কোর্সে অংশগ্রহণ করতে হবে। ওরিয়েন্টেশন কোর্স সফলভাবে সম্পন্ন করা এবং কর্মস্থলে কাজে যোগদানের পরই কেবলমাত্র সংস্থার কর্মী হিসেবে বিবেচিত হবে। নিয়োগ সংক্রান্ত যেকোনো পরিবর্তিত সিদ্ধান্ত কর্তৃপক্ষ সংরক্ষণ করে। নিয়োগের ক্ষেত্রে কোনো প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে এবং আবেদনপত্র বাতিল করা হবে।

নারী প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। মাদকাসক্তদের আবেদন করার প্রয়োজন নাই।